

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১১১

তারিখ: ২ বৈশাখ ১৪৩০

১৫ এপ্রিল ২০২৩

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

২। আজ ১৫ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

৩। আজ ১৫ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাস: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

তাপ প্রবাহ: খুলনা বিভাগসহ ঢাকা, ফরিদপুর, মানিকগঞ্জ, রাজশাহী, পাবনা ও পটুয়াখালী জেলাসমূহের উপর দিয়ে তীব্র তাপ প্রবাহ বয়ে যাচ্ছে। দেশের অবশিষ্টাংশের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) : সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৪১.১	৪০.৮	৩৭.৫	৩৭.৫	৩৮.৯	৩৯.৮	৪১.৭	৪০.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.০	২২.৪	২১.৬	২৩.৮	২২.৫	২০.৫	২৩.৮	২৫.০

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা ৪১.৭° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাঙ্গামাটি ২০.৫° সেঃ।

তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৩ এপ্রিল,

২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৪ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৪০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১৯	১	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৪	০	০
৬।	চট্টগ্রাম	৮	০	০
৭।	খুলনা	৫	০	০
৮।	রংপুর	৩	০	০
	মোট	৪০	১	০

**অগ্নিকান্ডঃ** আজ ১৫/০৪/২০২৩ তারিখ ভোর ৫.৪০ ঘটিকায় ঢাকার নিউ সুপার মার্কেটে ভয়াবহ এক অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের মোট ৩০ টি ইউনিট এবং সেই সাথে সেনাবাহিনী, বিমানবাহিনী, নৌবাহিনী এবং বিজিবি একযোগে কাজ করে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেছে। দুপুর ১২.৩০ টায় আগুন কিছুটা নিয়ন্ত্রণে এসেছে। আগুন নিয়ন্ত্রণ করতে গিয়ে ফায়ার সার্ভিসের ১২ জন কর্মীসহ মোট ৩০ জন আহত হয়েছে। আহত ব্যক্তিদের ঢাকা মেডিকেল হাসপাতাল এবং অন্যান্য স্থানে চিকিৎসা দেওয়া হচ্ছে। অন্য কোন হতাহতের খবর পাওয়া যায়নি। বিস্তারিত পরে জানানো হবে মর্মে ফায়ার সার্ভিস সূত্রে জানানো হয়েছে।



১৬-৪-২০২৩

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১১১/১(১৭২)

তারিখ: ২ বৈশাখ ১৪৩০

১৫ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

- ৯) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
১০) জেলা প্রশাসক (সকল)  
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(সকল)  
১৪) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১৬-৪-২০২৩

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা